গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবায়দুর রহমান, গাংনী উপজেলা ভাইসচেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল, উপজেলা স্বাস্থ ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল হক বিশ^◌াস, জাতীয় পাটি জেপির জেলা সভাপতি আব্দুল হালিম, জেলা আওয়ামীলীগের সাবেক নেতা শহিদুল ইসলাম শাহ,

উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি, আওয়ামীলীগ নেতা মনিরুজামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলীসহ আইন শৃংখলা কমিটির সদস্য ও বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার

বিতরণ

মেহেরপুরিয়ান গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল আরোহীদের মধ্যে ১ হাজার মাস্ক ও ৬০০ হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ও গাংনীতে ফরিদ সিকদার ফাহিম এই কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুরিয়ান গ্রুপের এডমিন নাইমুল ইসলাম, রাব্বি হোসেন, এস আই শাকিল, রাজা,মোহাম্মদ রাজন ও বানী আমিন প্রমুখ।

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনায় মৃত্যু

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে। বুধবার (২২ জুলাই) দিবাগত রাত ১২ টায় টুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত মকবুল হোসেন (৮০) কলেজপাড়ার মৃত এনাম আলীর ছেলে ও পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আলম হোসেনের পিতা। শহরের প্রসিদ্ধ ‘মকবুল ক্লথ স্টোর‘র স্বত্তাধিকারী ছিলেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, মৃত মকবুল হোসেনের জ্বর ও শ্বাসকষ্টসহ করোনার অনেকগুলো উপসর্গ ছিল। তার নমুনা সংগহ্র করা হয়েছে। তিনি জানান, এ নিয়ে আলমডাঙ্গায় করোনা উপসর্গে মারা গেলেন চারজন।

করোনাভাইরাসে মারা গেছেন একজন। মোট আক্রান্তের সংখ্যা ১০৫ জন।

জানা গেছে, মকবুল হোসেন কিছুদিন যাবৎ বয়সজনিত নানা সমস্যায় ভুগছিলেন। এরমধ্যে তার জ্বর ও শ্বাসকষ্ট দেখা দেয়। অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি বুধবার দিবাগত রাত ১২ টার দিকে মারা যান।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে সরকারী নিয়মানুযায়ী জানাজা শেষে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে দাফন করা হয়। এ সময় জানাজায় অংশ নেন পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলম হোসেনসহ পরিবারের সদস্যবৃন্দ।

করোনায় বিপাকে চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার গো-খামারী

চলমান করোনা পরিস্থিতিতে দেড় লাখ গবাদিপশু নিয়ে বিপাকে পরেছেন চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার খামারী। কোরবানী উপলক্ষে বছর জুড়ে লালন-পালন করা গবাদিপশু, খামারীদের কাছে গলার কাঁটায় পরিণত হয়েছে। খুচরা ক্রেতা ও বেপারিদের অপেক্ষায় প্রহর গুণছেন ছোট-বড় খামারীর। কোরবানীর ঈদ যতই ঘনিয়ে আসছে খামারীদের কপালে দুশ্চিন্তার রেখাও তত স্পষ্ট হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছর চুয়াডাঙ্গা জেলায় ১৮ হাজার গরু-মহিষ এবং ৫০ হাজার ছাগল-ভেড়াসহ কোরবানীর পশুর চাহিদা রয়েছে প্রায় ৬৮ হাজার। এর বিপরীতে জেলার সাত হাজার ৩৩৭টি খামারে গবাদিপশু রয়েছে এক লাখ ৫০ হাজার ২১২টি। এর মধ্যে ৩৮ হাজার ৮৪৯টি গরু-মহিষ এবং এক লাখ ১১ হাজার ৩৬৩টি ছাগল-ভেড়া রয়েছে।

গত পাঁচ বছরের পরিসংখ্যান বলছে, প্রতি বছরই চুয়াডাঙ্গা জেলায় কোরবানীর পশুর চাহিদা অনন্ত পাঁচ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সে হিসেবে এ বছর জেলার খামারীদের পশুর সংখ্যাও বেড়েছে। তবে বিশ^ব্যাপি করোনা পরিস্থিতিতে বদলে গেছে সব হিসাব-নিকাশ।

খামারের গবাদিপশু বিক্রি হবে না-কি থেকে খামারে তা নিয়ে দুশ্চিতায় খামারীরা।

চুয়াডাঙ্গা সদর উপজেলার নীলমণিগঞ্জ গ্রামের খামারী আবু বক্কর সিদ্দিক জানান, করোনা পরিস্থিতির কারণে কয়েক মাস আগে থেকেই গবাদিপশুর খাবারের দাম বেড়ে যায়। এতে খামারীদের খরচ বেড়েছে। অন্যদিকে করোনা পরিস্থিতির কারণে বেপারী ও খুচরা ক্রেতাদের দেখা মিলছে কালে ভদ্রে। সে হিসাবে এখনও চাহিদা মাফিক বেচাকেনা করতে পারেন-নি জেলার খামারীরা।

প্রাণী সম্পদ বিভাগের মতে, স্থানীয় চাহিদার চেয়ে জেলায় অন্তত আশি হাজার গবাদিপশু বেশি রয়েছে। অন্য বছরের মতো এবছর যদি জেলার পশু সারাদেশে ছড়িয়ে দেয়া না যায়, তবে খামারীরা ক্ষতিগ্রস্ত হবেন। তবে ইতিমধ্যেই জেলা প্রশাসন ও প্রাণী সম্পদ বিভাগ অনলাইন পশুহাটসহ বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। যাতে করে খামারীরা তাদের গবাদিপশু বিক্রি করতে পারেন।

চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. এএইচএম শামিমুজ্জামান বাংলাদেশ প্রতিদিনকে বলেন, করোনা পরিস্থিতির কারণে খামারীরা কিছুটা শঙ্কায় রয়েছেন। তবে জেলা প্রাণী সম্পদ বিভাগ জেলা প্রশাসনের সাথে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। যাতে খামারীরা তাদের পালিত গবাদিপশু যথাসময়ে এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করেই বিক্রি করতে পারেন।

এর মধ্যে অনলাইন পশুহাট পরিচালনা ছাড়াও চলমান হাটগুলোতে প্রাণী সম্পদ বিভাগের কর্মী নিয়োগের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে সুস্থ পশু বেচাকেনায় সহযোগিতা করা হচ্ছে।

কোটচাঁদপুরের নতুন ইউএনও আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।

মেহেরপুরের গ্রামঞ্চলে বাল্যবিয়ের ধুম

করোনাকালে মেহেরপুরে বেড়েছে বাল্য বিয়ে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এমনটি হচ্ছে বলে মনে করছে অনেকেই। গত ১৭ মার্চ থেকে করোনা প্রাদুর্ভাবের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা আগামী ৬ আগষ্ট পর্যন্ত আছে। তবে এই ছুটির পরিমাণ আরও বাড়তে পারে বলে জানা গেছে। করোনাভাইরাসের বিস্তারের এ সময় বাল্যবিবাহের সংখ্যা আগের চেয়ে বেড়ে গেছে কয়েকগুন।

দীর্ঘদিন ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় গ্রামীণ পরিবারগুলোতে একধরনের অনিশ্চয়তা তৈরি হচ্ছে। বিভিন্ন দেশে কর্মরত অভিবাসী শ্রমিকসহ বিভিন্ন পেশার প্রতিনিধিরা এ সময়টায় দেশে ফিরেছেন। সমাজ বাস্তবতায় প্রবাসে কাজ করা ছেলের ‘পাত্র’ হিসেবে চাহিদা বেশি। আর এই অবরুদ্ধ অবস্থায় বিয়ে দিয়ে ফেলার চেষ্টা করছেন অভিভাবকেরা। অন্যদিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি এখন কম হচ্ছে। সেই সুযোগও কাজে লাগাচ্ছে কেউ কেউ।

করেছি। বাল্য বিয়ের বিষয়টি আমি আপনার মাধ্যমে শুনলাম। খোঁজ নিয়ে প্রতিরোধের ব্যবস্থা করার চেষ্টা করবো।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমার কাছে ইতোমধ্যে যেসব বাল্য বিয়ের অভিযোগ এসেছে সেগুলো বন্ধ করেছি। তারপরও লকডাউনের প্রভাবে অর্থনৈতিক মন্দার প্রভাব পড়েছে গ্রামীন অর্থনীতিতে। সেক্ষেত্রে বাল্য বিয়ের একটা প্রবণতা তেরি হচ্ছে। আমরা বাল্য বিয়ে বন্ধ করার বিষয়ে কাজ করে চলেছি।

ঈদে ট্রেন বাড়ানো হবে না: রেলমন্ত্রী

আসন্ন ঈদুল আজহায়ও স্বাস্থ্যবিধি মেনে ট্রেন চলবে। বাড়তি যাত্রীর চাপ নেবে না রেল। এ কথা জানিয়েছেন রেলপথমন্ত্রী নুরুল ইসলাম সুজন।

তিনি বলেন, বর্তমানে যে কয়টি ট্রেন চলছে, ঈদেও সে কটি ট্রেন চলবে। বিশেষ ট্রেন বাড়ানো হবে না। করোনা পরিস্থিতি মোকাবেলায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মঙ্গলবার সকালে কমলাপুর রেলস্টেশনের শহরতলি প্লাটফরমে (নারায়ণগঞ্জগামী) বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করে সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী।

তিনি বলেন, বর্তমানে যে কয়টি ট্রেন চলছে, ঈদের মধ্যেও সে কটি ট্রেন চলবে। বিশেষ ট্রেন বাড়ানো হবে না। ঈদ উপলক্ষে যদি আমরা ট্রেন বাড়িয়ে দিই। তা হলে যাত্রীদের বাড়ি ফিরতে উৎসাহিত করা হবে। তাই আমরা সেটি করব না।

করোনা পরিস্থিতিতে রেলমন্ত্রী সব যাত্রীকে ঘরে থাকার আহ্বান জানিয়ে বলেন, যে যেখানে অবস্থান করছেন, সেখান থেকেই এবার ঈদ উৎসব পালন করুন। এ দুর্যোগে বাড়ি গিয়ে আমরা যেন গ্রাম-গঞ্জে এই ভাইরাস ছড়িয়ে না দিই।

এ সময় উপস্থিত ছিলেন রেলপথ মন্ত্রণালয়ের সচিব মো. সেলিম রেজা, বাংলাদেশ রেলওয়ে মহাপরিচালক মো. শামসুজ্জামান প্রমুখ।

সূত্র- যুগান্তর

ইউনাইটেডে অগ্নিকাণ্ড: ৪ পরিবারকে ক্ষতিপূরণের আদেশ স্থগিত

ইউনাইটেড হাসপাতালে অগ্নিকাণ্ডে মৃত্যুর ঘটনায় ক্ষতিগ্রস্ত চার পরিবারকে ১৫ দিনের মধ্যে ৩০ লাখ টাকা করে দিতে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করা হয়েছে। আপিল বিভাগের চেম্বার আদালত আগামী ১৬ আগস্ট পর্যন্ত ওই আদেশ স্থগিত করেছেন।

ইউনাইটেড হাসপাতাল কর্তৃপক্ষের আবেদনের শুনানি নিয়ে মঙ্গলবার আপিল বিভাগের ভার্চ্যুয়াল চেম্বার আদালতের বিচারপতি মো. নূরুজ্জামান এই আদেশ দেন।

একই সঙ্গে এ সংক্রান্ত রিট পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য পাঠানোর আদেশ দেন তিনি।
এর আগে ১৫ জুলাই বিচারপতি এম ইনায়েতুর রহিমের ভার্চ্যুয়াল হাইকোর্ট বেঞ্চ ক্ষতিপূরণের ওই আদেশ দিয়েছিলেন।

ভার্চ্যুয়াল শুনানিতে রিট আবেদনের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী এ এম আমিন উদ্দিন। সঙ্গে ছিলেন ব্যারিস্টার অনীক আর হক, ব্যারিস্টার হাসান এম এস আজিম, ব্যারিস্টার মুনতাসির আহমেদ ও রিটকারী নিয়াজ মুহাম্মদ মাহবুব ও সাহিদা সুলতানা শিলা।

ইউনাইটেড হাসপাতালের পক্ষে ছিলেন ব্যারিস্টার রোকন উদ্দিন মাহমুদ, মোস্তাফিজুর রহমান খান ও তানজীব উল আলম।

গত ৩০ মে রিট আবেদনটি দায়ের করেন ব্যারিস্টার নিয়াজ মুহাম্মদ মাহবুব। ১ জুন আরও একটি রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী

ব্যারিস্টার রেদোয়ান আহমেদ রাজীব ও ব্যারিস্টার হামিদুল মিসবাহ। পরে গত ২ জুন বিভিন্ন কর্তৃপক্ষের কাছে ১৪ জুনের মধ্যে আলাদা প্রতিবেদন চেয়েছিলেন হাইকোর্ট। সে অনুসারে প্রতিবেদন দাখিল করা হয়।

পুলিশের দেওয়া প্রতিবেদনে ইউনাইটেড হাসপাতালের গাফিলতির কথা রয়েছে। রাজউক বলছে, করোনার জন্য আলাদা করে আইসেলেশন ইউনিট করতে তাদের অনুমতি দেওয়া হয়নি। অন্যদিকে ফায়ার সার্ভিস বলছে, অগ্নিকাণ্ডের সময় হাসপাতাল কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ নিলে রোগীদের মৃত্যু রোধ করা সম্ভব হতো।

এরপর আদালত ২৯ জুন সমঝোতা করতে আদেশ দিয়েছিলেন। তবে অবহেলাজনিত মৃত্যুর অভিযোগের মামলার তদন্তও দ্রুত সম্পন্ন করতে বলেছিলেন।

গত ২৮ মে ইউনাইটেড হাসপাতালের চিফ অব কমিউনিকেশনস অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট ডা. সাগুফা আনোয়ারের পাঠানো বার্তায় নিহত পাঁচজনের পরিচয় শনাক্ত করা হয়। নিহতদের মধ্যে চারজন পুরুষ ও একজন নারী। তারা হলেন- রিয়াজুল আলম (৪৫), খোদেজা বেগম (৭০), ভেরুন অ্যান্থনি পল (৭৪), মো. মনির হোসেন (৭৫) ও মো. মাহবুব (৫০)।

হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, গত ২৮ মে বুধবার আনুমানিক রাত সাড়ে ৯টার দিকে মূল ভবনের বাইরে হাসপাতাল সংলগ্ন করোনা আইসোলেশন ইউনিটে সম্ভবত বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। কয়েক মিনিটের মধ্যেই আগুন আইসোলেশন ইউনিটের সর্বত্র ছড়িয়ে পড়ে। সে সময় আবহাওয়া খারাপ ছিল ও বিদ্যুৎ চমকাচ্ছিল। বাতাসের তীব্রতায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ায় দুর্ভাগ্যজনকভাবে সেখানে ভর্তি পাঁচজন রোগীকে বাইরে বের করা সম্ভব হয়নি। তারা ভেতরেই মারা যান। আইসোলেশন ইউনিটের পাঁচজনই করোনা উপসর্গ নিয়ে ভর্তি ছিলেন।

এ ঘটনায় ইউনাইটেড হাসপাতাল কর্তৃপক্ষ অপমৃত্যুর মামলা করলেও আগুনে নিহত ভেরুন অ্যান্থনি পলের পরিবার ইউনাইটেড হাসপাতালের বিরুদ্ধে ‘অবহেলাজনিত মৃত্যুর অভিযোগে’ মামলা করেন।

মামলায় ইউনাইটেড হাসপাতালের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক (এমডি), প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), পরিচালক, করোনা ইউনিটে সে সময় কর্মরত ডাক্তার-নার্স, সেফটি ও সিকিউরিটি কর্মকর্তাদের আসামি করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

৮ মাস পেছালো ওয়ানডে বিশ্বকাপ

করোনার মহামারিতে লন্ডভন্ড পুরো বিশ্ব। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। করোনার কারণে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ আট মাস পিছিয়েছে। ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) সোমবার এক বৈঠকে বিষয়টি চূড়ান্ত করেছে।

২০২৩ সালে ভারতের মাটিতে হবে ওয়ানডে বিশ্বকাপ। পূর্বের সূচি অনুযায়ী হচ্ছে না পঞ্চাশ ওভারের এ টুর্নামেন্ট। আইসিসির নতুন সূচি অনুযায়ী অক্টোবরে শুরু হবে বিশ্বকাপ। ২৬ নভেম্বর হবে টুর্নামেন্টের ফাইনাল। এর আগে ৯ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত টুর্নামেন্টটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

আইসিসির এই বৈঠকে উপস্থিত ছিল আইবিসির (দ্য কমার্সিয়াল সাবসিডিয়ারি অব দ্য আইসিসি) প্রতিনিধিরা।

সূত্র- বিডি প্রতিদিন

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ৪১ জনের মৃত্যু

বাংলাদেশে মহামারী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৪১ জনের মৃত্যু হয়েছে। এতে করোনা মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল দুই হাজার ৭০৯ জনে।

আজ মঙ্গলবার দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনাভাইরাস বিষয়ক নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানান অধিদফতরের

অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ সংখ্যক ব্যক্তির মৃত্যু হয়েছে করোনায়। দুই বিভাগেই ১৫ জন করে মোট ৩০ জন মারা গেছেন। দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৫৭ জন।

সূত্র- বিডি প্রতিদিন